আর্জেন্টিনা নাকি বার্সেলোনা, সিদ্ধান্ত নিতে হবে মেসিকেই

দলবদল নিয়ে নানা টানাপোড়েনের পর বার্সালোনাতেই থেকে যান বিশ্ব ফুটবলের অন্যতম মহাতারকা লিওনেল মেসি। বার্সায় ফিরেই একটি প্রীতি ম্যাচে জোড়া গোল করে নিজের জাদু দেখান মেসি।

তবে এবার পড়েছেন অন্য জটিলতায়। জাতীয় দল ও ক্লাব বার্সেলোনার ম্যাচের শিডিউল নিয়ে।

নিষেধাজ্ঞা থেকে মুক্তি পাওয়া লিওনেল মেসিকে নিয়ে কাতার বিশ্বকাপের বাছাইপর্বের দল ঘোষণা করেছে আর্জেন্টিনা। অক্টোবরে ইকুয়েডর ও বলিভিয়ার মুখোমুখি হবে আলবিসেলেস্তেরা। একই সময়ে ছয়বারের ব্যালন ডি’অর জয়ীর ক্লাব বার্সেলোনারও ম্যাচ চলবে। তাই মেসিকেই বেছে নিতে হবে কোন জার্সিতে খেলবেন তিনি- আর্জেন্টিনার নাকি বার্সেলোনার?

আগামী ৮ অক্টোবর ইকুয়েডরের বিপক্ষে আর্জেন্টিনার প্রথম ম্যাচ। পাঁচ দিন পর বলিভিয়ার মুখোমুখি লড়বে তারা। মেসি যদি জাতীয় দলের হয়ে খেলতে দেশে যান, তাহলে বার্সেলোনায় ফিরে কোয়ারেন্টাইনে থাকতে হবে। এজন্য আর্জেন্টাইন ফরোয়ার্ড লা লিগায় খেলতে পারবেন না আলাভেস ও গেতাফের বিপক্ষে, এমনকি রিয়াল মাদ্রিদের ম্যাচেও। কারণ ক্লাসিকোর (২৫ অক্টোবর) ১২ দিন আগে বলিভিয়ার ম্যাচ। কিন্তু কোয়ারেন্টাইন দুই সপ্তাহের।

মেসি কী করবেন তা এখনও অজানা। তবে বার্সেলোনা এ নিয়ে ফিফার কাছে তাদের উদ্বেগ প্রকাশ করেছে। অন্য ইউরোপিয়ান ক্লাবগুলোরও একই অবস্থা। একটা সমাধানে পৌঁছাতে ফিফার সঙ্গে দক্ষিণ আমেরিকান ফুটবল সংস্থা কনমেবল বৈঠকের কথা ভাবছে।

প্রাথমিক সূচি অনুযায়ী বাছাইয়ের এই দুটি ম্যাচ হওয়ার কথা ছিল গত মার্চে। তবে করোনাভাইরাসের কারণে দুই দফায় সূচি স্থগিত হয়। গত বৃহস্পতিবার ফিফা জানায়, পরিবর্তীত পরিকল্পনা অনুযায়ী অক্টোবরে মাঠে গড়াবে দক্ষিণ আমেরিকার বিশ্বকাপ বাছাইপর্ব। এরপরই দল ঘোষণা করল আর্জেন্টিনা।

লিওনেল স্কালোনির এই ৩০ জনের দলে জায়গা হয়নি আনহেল দি মারিয়া ও

সের্হিয়ো আগুয়েরোর। পিএসজির হয়ে দারুণ ফর্মে থাকলেও বাদ পড়েছেন ডি মারিয়া। আর অস্ত্রোপচারের পর এখনও অনুশীলনেই যোগ দিতে পারেননি আগুয়েরো, তাই তার দলে জায়গা না পাওয়া স্বাভাবিক।

সূত্র- বিডি প্রতিদিন

মেহেরপুর কামদেরপুরে নাইট ফুটবল টুর্নামেন্ট ফাইনাল খেলা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা কামদেবপুর ছাত্র উন্নয়ন সংঘের বর্ষর্পূর্তি উপলক্ষে নাইট ফুটবল টুর্নামেন্ট ফাইনালায় শক্তি সংঘ শিশু ক্লাব ০৩-০ গোলে শিশু কিশোর ক্লাব একাদশকে পরাজিত করে।

শুক্রবার রাত ১০টার দিকে কামদেবপুর স্কুল মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। পুরস্কার বিতরনী অনুষ্ঠানে জেলা যুবলীগের আহ্বায়ক ও মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

অনুষ্ঠানে বুড়িপোতা ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারন সম্পাদক জাহাঙ্গীর হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন জেলা যুবলীগের যুগ্ম-আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান, সদস্য মাহাবুব হাসান ডালিম, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা প্রমূখ।

এসময় উপস্তিত ছিলেন জেলা ছাত্রলীগের সহ-সভাপতি মোহাম্মদ খান, উপশিক্ষা ও পাঠচক্র বিষয়ক সম্পাদক হৃদয় খান, জেলা ছাত্রলীগের সদস্য সাব্বির, রাজু, ঈমান, আনোয়ার, আলমগীর কলেজ শাখা ছাত্রলীগের সাবেক শিক্ষা ও পাঠচক্র বিষয়ক সম্পাদক রানা, সাবেক উপ প্রচারসম্পাদক ইয়াসির আরাফাত ফাহিম, খেলা কমিটির মান্নান আলী, ভুলা, রাশেদ, রফিকুল ইসলাম, রনি, জাহিদ হাসান, মুজাহিদসহ সকল সদস্যরা।

এই নাইট ফুটবল ফাইনাল টুর্নামেন্টে সেরা গোলদাতা মুন্না। ৬টি দল

নিয়ে খেলাটি অনুষ্ঠিত হয়।

বার্সেলোনার বিরদ্ধে মামলা করতে যাচ্ছেন সেতিয়েন

এবার বার্সেলোনার বিরুদ্ধে মামলা করার প্রস্তুতি নিচ্ছেন ক্লাবটির সাবেক কোচ কিকে সেতিয়েন। কাতালান ক্লাবটির বিরুদ্ধে চুক্তিকে অসম্মান করার অভিযোগ তুলেছেন তিনি । আর এ কারণেই তিনি আইনের আশ্রয় নিতে যাচ্ছেন। খবর ইএসপিএন সকারের।

এক মাস আগে উয়েফা চ্যাম্পিয়নস লিগের কোয়ার্টার ফাইনাল ম্যাচে বায়ার্ন মিউনিখের বিরুদ্ধে ৮-২ গোলে হেরে যায় বার্সেলোনা। এরপর বরখাস্ত করা হয় সেতিয়েনকে।

অবশ্য বার্সেলোনার সঙ্গে তার চুক্তির মেয়াদ ছিল ২০২২ সালের জুন পর্যন্ত। কিন্তু এই চুক্তিতে একটি ক্লজও ছিল। সেই ক্লজ অনুযায়ী তাকে সরিয়ে দেওয়া হয়েছে। তবে এরপর তার সঙ্গে আর্থিক বিষয় নিয়ে আর কোনও যোগাযোগ করেনি বার্সা।

তাই তো তার পাওনা টাকা ও অন্যান্য আনুসঙ্গিক সুবিধাদি আদায়ের লক্ষ্যে তিনি তার আইনজীবীর সঙ্গে সাক্ষাৎ করতে যাচ্ছেন।

সেতিয়েন বরখাস্ত হওয়ার পর বার্সেলোনা কোচ হিসেবে নিয়োগ দেয় নেদারল্যান্ডসের কোচ রোনাল্ড কোম্যানকে।

দুই ম্যাচের জন্য নিষিদ্ধ হলেন

নেইমার

মারামারিতে জড়িয়ে দুই ম্যাচের জন্য নিষিদ্ধ হলেন পিএসজি’র ব্রাজিলিয়ান তারকা নেইমার।

ফরাসি লিগে মার্শেইয়ের বিপক্ষে ম্যাচ চলাকালীন বিবাদে জড়ানোয় এ শাস্তি পেতে হল নেইমারকে। সে ম্যাচে মার্শেইয়ের ডিফেন্ডার আলভারো গঞ্জালেজের সঙ্গে কথা কাটাকাটির এক পর্যায়ে চড় মেরে বসেন তিনি।

সে সময় রেফারির লাল কার্ড দেখে মাঠ ছাড়তে হয় তাকে। ম্যাচ শেষে সামাজিক যোগাযোগ মাধ্যমে গঞ্জালেজের বিরুদ্ধে বর্ণবাদী আচরণের অভিযোগ তোলেন নেইমার। পরে গঞ্জালেজ ওই অভিযোগ অস্বীকার করলেও বিষয়টি নিয়ে তদন্তে নেমেছে ফ্রেঞ্চ ফুটবল অ্যাসোসিয়েশন।

তবে ম্যাচ চলাকালীন অসদাচরণের দায়ে শাস্তি এড়াতে পারেননি নেইমার। মেৎজের বিপক্ষে ম্যাচে মাঠের বাইরে থাকতে হয়েছে তাকে। আগামী রবিবার নিসের বিপক্ষে ম্যাচেও খেলতে পারবেন না এই ব্রাজিলিয়ান তারকা।

মেসির জোড়া গোলে বার্সার জয়

প্রত্যাশিত জয়ে নতুন মৌসুমের প্রস্তুতি সারলো বার্সেলোনা। লিওনেল মেসির জোড়া গোলে প্রীতি ম্যাচে জিরোনাকে ৩-১ ব্যবধানে হারিয়েছে বার্সা।

নতুন মৌসুম শুরুর আগে দল নিয়ে সমর্থকদের দুশ্চিন্তা ছিল চরমে। তবে, প্রীতি ম্যাচের পারফরম্যান্সে কিছুটা আশা ফিরে পাচ্ছে কাতালানরা। দলবদল নিয়ে নানা নাটকীয়তার পর গেল সপ্তাহে জিমন্যাস্টিকের বিপক্ষে ম্যাচ দিয়ে আবারও মাঠে ফেরেন লিওনেল মেসি। যদিও সে ম্যাচে স্বরূপে দেখা যায়নি আর্জেন্টাইন তারকাকে।

তবে, এদিন জিরোনার বিপক্ষে শুরু থেকেই চেনা ছন্দে এল.এম.টেন। বারবার প্রতিপক্ষের ডি-বক্সে হানা দিতে থাকে মেসির দল। ২১ মিনিটে

কাতালানদের লিড এনে দেন ফিলিপে কৌতিনিয়ো। প্রথমার্ধের যোগ হওয়া সময়ে দারুণ এক গোল করে ব্যবধান বাড়ান মেসি। নতুন কোচ রোনাল্ড কোম্যানের অধীনে এটি তার প্রথম গোল। দ্বিতীয়ার্ধের শুরুতে এক গোল শোধ করে জিরোনা।

তবে, কিছুক্ষণ পরই আবারও লাইম লাইটে মেসি। ৫১ মিনিটে করেন নিজের দ্বিতীয় গোল। আগামী শনিবার (১৯ সেপ্টেম্বর) জোয়ান গ্যাম্পার ট্রফির ফাইনালে এলচের মুখোমুখি হবে বার্সেলোনা। ২৭ সেপ্টেম্বর ভিয়ারিয়ালের বিপক্ষে ম্যাচ দিয়ে শুরু হবে কাতালানদের লা লিগা মিশন।

মেহেরপুরের কামদেবপুরে নাইট ফুটবল টুর্ণামেন্টের উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলা কামদেবপুর ছাত্র উন্নয়ন সংঘের বর্ষপূর্তি উপলক্ষে নাইট ফুটবল টুর্নামেন্ট খেলার আয়োজন করা হয়েছে।

বুধবার রাত সাড়ে ৮টার দিকে কামদেবপুর স্কুল মাঠে এ খেলার উদ্বোধন করা হয়। জেলা যুবলীগের আহ্বায়ক ও মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ খেলার উদ্বোধন করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বুড়িপোতা ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারন সম্পাদক জাহাঙ্গীর হোসেন। বক্তব্য রাখেন পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, জেলা যুবলীগের সদস্য মাহাবুব হাসান ডালিম, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা প্রমূখ। এসময় উপস্তিত ছিলেন মান্নান আলী, রনি, জাহিদ হাসান, মুজাহিদসহ অনেকে।

এ সময় জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন বলেন, খেলাধুলা মাদক থেকে দূরে রাখে,সকল শ্রেণির মানুষকে একত্রিত করে বিনোদন দেয়।

খেলাধুলা করলে শারীরিক ব্যায়াম হয় এবং মন সতেজ থাকে”। মাদকের ভয়াবহ ছোবল থেকে যুব সমাজকে রক্ষা করতে হলে খেলাধুলার বিকল্প নাই। নিয়মিত খেলাধুলা করলে কোনো ছেলেরাই মাদকে দিকে ধাবিত হতে পারেনা। সকল যুব সমাজকে খেলাধুলার অভ্যাস গড়ে তুলতে হবে।

উদ্বোধনী খেলায় কামদেবপুর শিশু কিশোর ক্লাব ২ গোলে কামদেবপুর ইয়াং স্টার ক্লাবকে পরাজিত করে। বিজয়ী দলের হাসান আলী ২টি গোল করে।

এই নাইট ফুটবল টুর্নামেন্টে ৬টি দল নিয়ে খেলাটি অনুষ্ঠিত হবে। পরের খেলায় কামদেবপুর স্মৃতিসংঘ ক্লাবকে পরাজিত করে কামদেবপুর শক্তিসংঘ ক্লাব জয়লাভ করে।

পাকিস্তানি ক্রিকেটারের ছবি ব্লার করে বিতর্কে সৌরভ!

ইন্ডিয়ান প্রিমিয়ার লীগের (আইপিএল) ১৩তম আসরের চূড়ান্ত পর্যায়ের প্রস্তুতি দেখতে সংযুক্ত আরব আমিরাতের শারজাহ স্টেডিয়াম পরিদর্শন করেছেন ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) সভাপতি সৌরভ গাঙ্গুলী। সেই স্টেডিয়াম থেকে ঘুরে এসে নিজের ইনস্টাগ্রাম প্রোফাইলে বেশ কিছু ছবি শেয়ার করেছেন তিনি।

ছবি পোস্ট করে সৌরভ লিখেছেন, আইপিএল-২০২০’র জন্য প্রস্তুত বিখ্যাত শারজাহ স্টেডিয়াম।

তবে সৌরভের শেয়ার করা শারজাহ স্টেডিয়ামের একটি ছবিকে ঘিরে বিতর্ক দানা বেঁধেছে। শারজাহ স্টেডিয়ামের সেই ছবির পেছনের দিকে ছিল এক পাকিস্তানি ক্রিকেটারের ছবি। সৌরভ যে ছবিটি শেয়ার করেছেন, তার ব্যাকগ্রাউন্ড থেকে ওই পাকিস্তানি ক্রিকেটারের ছবিটি ব্লার করে দেওয়া হয়েছে।

কিন্তু কেন ব্লার করে দেওয়া হয়েছে, তা নিয়ে এখন অবধি কিছুই জানানো হয়নি। তবে বিষয়টি একেবারেই ভালো চোখে নেননি

পাকিস্তানের সাবেক থেকে নতুন ক্রিকেটারেরা।

এই মাঠেই ভারতীয়দের পাশাপাশি জাভেদ মিঁয়াদাদ থেকে শুরু করে, রাশিদ লতিফ, মিসবা-উল-হক, আজহার মাহমুদ, দানিশ কানেরিয়ার মতো নামজাদা সাবেক পাকিস্তানি ক্রিকেটারেরাও ইতিহাস সৃষ্টি করেছিলেন।

ভারতে করোনায় আক্রান্তের সংখ্যা মাত্রাতিরিক্তভাবে বাড়তে থাকায় বাধ্য হয়েই সংযুক্ত আরব আমিরাতে আইপিএল-এর ১৩তম আসর সরিয়ে নিয়েছে বিসিসিআই।

সূত্র : এই সময়

রিয়ালের বড় জয়ে ৪ গোল করলেন বেনজেমা

২০২০-২১ মৌসুম শুরুর আগে একমাত্র প্রাক-মৌসুম ম্যাচে বড় জয় পেয়েছে স্প্যানিস জায়ান্ট রিয়াল মাদ্রিদ। এদিন রিয়ালের হয়ে করিম বেনজেমা একই চার গোল করেছেন।

নিজেদের অনুশীলন মাঠ স্তাদিও আলফ্রেদো দি স্তেফানোতে গেটাফের মুখোমুখি হয় রিয়াল। যেখানে শেষ বাঁশি বাজলে ৬-০ গোলের বড় জয় নিয়ে মাঠ ছাড়ে গ্যালাকটিকোরা।

ম্যাচে বেনজেমা চার গোলে মাতিয়ে রাখেন স্বাগতিক শিবির। দলের অন্য দুটি গোল করেন সার্জিও রামোস ও সার্জিও আরিবাস।

ম্যাচটি দর্শকশূন্য অবস্থায় খেলা হয়। এমনকি খেলায় কোনো সংবাদমাধ্যম অথবা টিভি ক্যামেরারও অনুমতি ছিল না।

আগামী রবিবার রিয়াল সোসিয়েদাদের বিপক্ষে লিগে নিজেদের প্রথম ম্যাচে মাঠে নামবে রিয়াল।

শ্রীলঙ্কার শর্তে টেস্ট চ্যাম্পিয়নশিপ খেলা সম্ভব না: পাপন

শ্রীলঙ্কা ক্রিকেট বোর্ডের দেয়া শর্ত মেনে দেশটিতে টেস্ট চ্যাম্পিয়নশিপ খেলা সম্ভব না বলে জানিয়েছেন বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) সভাপতি নাজমুল হাসান পাপন। এখনই ঘরোয়া ক্রিকেট শুরু করা হবে বলেও জানান তিনি।

সোমবার সংবাদ সম্মেলনে বিসিবি সভাপতি নাজমুল হাসান পাপন জানিয়েছেন, শ্রীলঙ্কার কঠিন শর্তে খেলতে রাজি নয় বাংলাদেশ। চিঠিতে বিষয়টি লঙ্কান বোর্ডকে জানিয়েছেন তারা।

চলমান টেস্ট চ্যাম্পিয়নশিপের ম্যাচ খেলতে ২৭শে সেপ্টেম্বর শ্রীলঙ্কা সফরে যাওয়ার কথা বাংলাদেশ ক্রিকেট দলের। কিন্তু টাইগারদের কঠিন শর্ত বেধে দিয়েছে লঙ্কান ক্রিকেট বোর্ড (এসএলসি)। শ্রীলঙ্কায় গিয়ে ১৪ দিনের বাধ্যতামূলক কোয়ারেন্টাইন পালন করতে হবে বাংলাদেশি ক্রিকেটারদের। এই সময়ে কোনো অনুশীলন করতে পারবেন না তারা। এমনকি খাবারের জন্যও রুম থেকে বের হতে পারবেন না। গতকাল এক চিঠিতে বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে এমনটাই জানায় এসএলসি। তবে বিসিবি আজ ফিরতি চিঠিতে লঙ্কান বোর্ডকে নিজেদের অবস্থান পরিষ্কার করেছে।
এখন লঙ্কান বোর্ড কী জবাব দেয়, সেই অপেক্ষায় আছে বিসিবি।

উল্লেখ্য, শ্রীলঙ্কা সিরিজের সূচিও এখনো পর্যন্ত চূড়ান্ত হয়নি। খসরা সূচি অনুযায়ী প্রথম টেস্ট শুরু হওয়ার কথা ২৩ অক্টোবর।

সূত্র-বিডি প্রতিদিন

আমার একটাই আফসোস, তার মুখে চড় মারতে পারিনি: নেইমার

প্রথম ম্যাচে নেইমার-অ্যাঙ্গেল ডি মারিয়ারা ছিলেন না। সেই ম্যাচে হার মেনেছিল পিএসজি। দ্বিতীয় ম্যাচে রবিবার রাতে মার্সেলির বিপক্ষে মাঠে নেমেছিলেন নেইমার-ডি মারিয়ারা। তবে এবারও জয় পায়নি। ৯ বছর পর পিএসজিকে ফ্রেঞ্চ লিগ ওয়ানের ম্যাচে ১-০ গোলে হারিয়ে দিয়েছে মার্সেলি।

ম্যাচের ৩১ মিনিটে জয়সূচক একমাত্র গোলটি করেছেন মার্সেলির ফ্লোরিয়ান থাউভিন।

হরের সঙ্গী করার পাশাপাশি তিনজন খেলোয়াড়ের নামের পাশে লাল কার্ড নিয়েও মাঠ ছাড়ে পিএসজি। সেই তালিকায় আছেন নেইমার দ্য সিলভা, লিয়ান্দ্রো পার্দেস ও লেইভিন কুরজাওয়া। অবশ্য মার্সেলিরও দু’জন লাল কার্ড দেখেছেন। তারা হলেন জর্ডান আমাভি ও দারিও বেনেদেত্তো। ফ্রেঞ্চ লিগ ওয়ানের পুরো ম্যাচেই দু’দলের খেলোয়াড়দের মাঝে দ্বন্দ্ব লেগে ছিল। তবে শেষ সময়ে একেবারে বিস্ফোরণ হলো। খেলার অতিরিক্ত সময়ের শেষ মিনিটে দু’দলের মাঝে ঝামেলা বেধে যায়। একটি ফাউলকে কেন্দ্র করে ধাক্কাধাক্কিতে জড়ায় দুই দলের ফুটবলাররা। এমনকি একজন আরেকজনকে লাথিও মারতে দেখা যায়।

পিএসজির হয়ে শেষ খেলোয়াড় হিসেবে লাল কার্ড দেখেন নেইমার। তিনি প্রতিপক্ষের আলভারো গনসালেসের মাথার পেছনে হাত দিয়ে আঘাত করেন। রেফারি ভিএআর দেখে নিশ্চিত হন। যদিও দুজনকে এর আগে বিতর্কে জড়াতে দেখা যায়।

পরে গনসালেসের বিরুদ্ধে বর্ণবাদে অভিযোগ তোলেন নেইমার। এক টুইটে নেইমার জানান, সে বর্ণবাদী, তাই আমি তাকে আঘাত করেছি। তবে আমার একটাই আফসোস, আমি তার মুখে আঘাত করতে পারিনি।

আরেক টুইটে নেইমার পরিষ্কার করে জানান, আমার আক্রমণটা ভিএআর সহজেই দেখিয়ে দিল। এখন আমি দেখতে চাই যে আমাকে বাঁদর বলে গালি দিয়েছে তার চেহারাটা। এটাই আমি দেখতে চাই। আমি রেইনবো ফ্লিক করলে আমাকে শাস্তি দেওয়া হয়, আঘাত করার জন্য আমাকে লাল কার্ড দেখতে হয়। তাদের কি হবে? তারপর কি?

সূত্র	-বিডি প্রতিদিন